দৈনিক
ইত্তেফাক

29 JAN 2017

# কুমিল্লায় মাদক-জঙ্গিবাদকে 'না' বলেছে দুই সহস্রাধিক শিক্ষার্থী

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লায় মাদক-জঙ্গিবাদ ও বাল্য বিয়েকে লালকার্ড দেখিয়ে 'না' বলেছে দুটি উপজেলার দুই সহস্রাধিক শিক্ষার্থী। জেলার বুড়িচং উপজেলার কালিকাপুর আবদুল মতিন খসরু ডিগ্রি কলেজ এবং ব্রাহ্মণপাড়া উপজেলার শশীদল আবু তাহের কলেজের শিক্ষার্থীরা পৃথক এ কর্মসূচি পালন করে। এ সময় অনুষ্ঠানের অতিথিগণ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিরা করতালির মাধ্যমে তাদের অভিনন্দন জানায়।

জানা যায়, মাসব্যাপী মাদকবিরোধী প্রচারণামূলক কর্মসূচি উদ্‌যাপন উপলক্ষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর ও জেলা প্রশাসনের উদ্যোগে শুক্রবার জেলার সীমান্তবর্তী দুটি উপজেলায় পৃথক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শুক্রবার বিকালে জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার শশীদল আবু তাহের কলেজ মিলনায়তনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক আইনমন্ত্রী ও স্থানীয় এমপি অ্যাডভোকেট আবদুল মতিন খসরু। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের উপ-পরিচালক মো. মানজুরুল ইসলাম, দেবিদ্বার সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার শেখ মো. সেলিম, ব্রাহ্মণপাড়া উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর খান চৌধুরী, বুড়িচং উপজেলা নির্বাহী কর্মকর্তা ফজলুল জাহিদ পাভেল, ব্রাহ্মণপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাখাওয়াত হোসেন, কলেজ অধ্যক্ষ মো. পিজিউল আলম, কলেজের প্রতিষ্ঠাতা মো. আবু জাহের প্রমুখ। এর আগে জেলার বুড়িচং উপজেলার কালিকাপুর আবদুল মতিন খসরু ডিগ্রি কলেজে সহস্রাধিক শিক্ষার্থী লালকার্ড প্রদর্শনের মাধ্যমে একই কর্মসূচি পালন করে।